



তারিখ: ১৬ আষাঢ় ১৪২৭  
৩০ জুন ২০২০

বরাবর,  
মাননীয় সচিব  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়: চলমান কোভিড-১৯ মহামারীর সময় তৈরি পোশাক শিল্পের সকল শ্রমিকদের যথাযথ স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার জন্য প্রস্তুতকৃত গাইডলাইন থেকে প্রয়োজনীয় ইনপুট গ্রহণ করা প্রসঙ্গে।

জনাব,

“সজাগ” ব্লাস্ট, ক্রিস্টিয়ান এইড, নারীপক্ষ এবং এস এন ভি সম্মিলিতভাবে সেপ্টেম্বর ২০১৭ থেকে “পোশাক শিল্পে কর্মরত নারীর উপর সহিংসতা প্রতিরোধ” (Initiative to End Gender Based Violence in the Garment Industry) শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করছে। গ্লোবাল ফান্ড ফর উইমেন এর আর্থিক সহযোগিতায় এই প্রকল্প সাভার, গাজীপুর সদর এবং কালিয়াকৈর উপজেলায় কাজ করছে।

বিশ্বব্যাপী করোনা মহামারী বাংলাদেশেও মহাদুর্যোগ সৃষ্টি করেছে। কোভিড-১৯ আক্রান্তের হার এখনও উর্ধ্বমুখী। পাশাপাশি সাধারণ মানুষের আয়-উপার্জন বন্ধ এবং সমস্ত অর্থনীতি সঙ্কটাপন্ন। তাই বাংলাদেশ সরকার অর্থনীতির চাকা সচল রাখার বৃহত্তম মাধ্যম তৈরি পোশাক শিল্পের উৎপাদন অব্যাহত রাখার সিদ্ধান্ত যথাসময়ে গ্রহণ করেছে। কিন্তু পোশাক শিল্প ও কারখানার বাস্তবতা বিবেচনায় কর্মরত শ্রমিকদের কর্মস্থল, যানবাহনে এবং বাসা বাড়িতে সামাজিক দূরত্বসহ স্বাস্থ্যবিধি নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

করোনার সংক্রমণ থেকে পোশাক শিল্পের শ্রমিকদের সুরক্ষিত রাখার লক্ষ্যে সজাগ কোয়ালিশন এবং স্বাস্থ্য অর্থনীতি ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় যৌথভাবে কেবল পোশাক শিল্প কারখানাকে ফোকাস করে “Ensuring Healthy Environment for Workers’ Safety amid Covid-19: A Guideline for RMG Sector” শীর্ষক একটি গাইডলাইন তৈরি করেছে। উল্লেখ্য, এই গাইডলাইনটি কারখানার মালিক, ম্যানেজার, চিকিৎসক, এবং শ্রমিক, ইন্টারন্যাশনাল ফ্রেতা, অর্থনীতিবিদ, স্বাস্থ্য অর্থনীতিবিদ, সমাজবিজ্ঞানী, জেন্ডার এক্সপার্ট, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ, ভাইরাস বিশেষজ্ঞ, মেডিসিন এক্সপার্টসহ সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গের পরামর্শের ভিত্তিতে এবং স্বাস্থ্য অধিদপ্তর, বিজিএমইএ, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, বেটার ওয়ার্ক বাংলাদেশ (বিডব্লিউবি) এর গাইডলাইনসমূহ রিভিউ করে তৈরি করা হয়েছে। তাই আমরা মনে করি, আমাদের তৈরিকৃত গাইডলাইনে অনেক গুরুত্বপূর্ণ ইনপুট রয়েছে।

আমরা জানতে পেরেছি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এর ব্যবস্থাপনায় জাতীয় অকোপেশনাল সেফটি এন্ড হেলথ কাউন্সিল একটি গাইড প্রস্তুতের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

উক্ত গাইডলাইনের তৈরি পোশাক শিল্প সম্পর্কিত অধ্যায় চূড়ান্তকরণে আমাদের তৈরিকৃত গাইডলাইন (সংযুক্ত) থেকে প্রয়োজনীয় ইনপুট নেওয়ার জন্য সুপারিশ করা হল।

সংহতিতে,

ড. নাসরিন সুলতানা  
অধ্যাপক এবং পরিচালক  
স্বাস্থ্য অর্থনীতি ইন্সটিটিউট  
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মাহীন সুলতান  
দলনেতা  
সজাগ কোয়ালিশন

